বিষয়: ২০২২-২৩ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সাইসমিক কার্যক্রমের অক্টোবর ২০২২-এর পর্যালোচনা সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আ: খালেক মল্লিক<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ |
| সভার তারিখ | ৩১-১০-২০২২ খ্রি. |
| সভার সময় | বেলা ১২:০০ মিনিট |
| স্থান | অনলাইন সিস্টেম |
| উপস্থিতি | রেকর্ডেড |

**২.০ উপস্থাপনা:**

সভাপতি অনলাইন সিস্টেমে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে জানান যে, ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় পেট্রোবাংলার আওতাধীন বাপেক্স, বিজিএফসিএল ও এসজিএফএল-এর বাস্তবায়নাধীন সিসমিক জরিপের ০৬টি প্রকল্প রয়েছে। প্রকল্পসমূহের অক্টোবর/২২ মাসের অগ্রগতি বাস্তবায়ন করা এই কমিটির মূল কার্যক্রম। গত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রতিটি প্রকল্পের অংগভিত্তিক সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এ থেকে প্রকল্পসমূহের বাস্তবায়ন মনিটরিং এর কাজটি সহজ ও বস্তুনিষ্ঠ হবে। যথাযথভাবে প্রকল্প কাজের কর্মপরিকল্পনা প্রণয়ন ও প্রেরণ করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। অতপর সভায় প্রণীত কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি, পর্যালোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপে উপস্থাপিত ও গৃহীত হয়।

**৩.০ আলোচনা:**

সভাপতি উল্লেখ করেন যে, পেট্রোবাংলার আওতাধীন বাপেক্স-এর ২টি ২ডি সিসমিক ও ১টি ৩ডি সিসমিক এবং এসজিএফএল-এর ২টি ৩ডি সিসমিক প্রজেক্টের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিজিএফসিএল-এর একটি ৩ডি সিসমিক প্রকল্পের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-তে ১০০০ (এক হাজার) লাইন কিলোমিটার ২ডি এবং ৭০ (সত্তর) লাইন কিলোমিটার ৩ডি সিসমিক জরিপ সম্পাদনের পরিকল্পনা রয়েছে।

৩.১। সভাপতি সিসমিক জরিপ কার্যক্রমের সেপ্টেম্বর-২০২২ মাসে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব কে আহ্বান জানান।

৩.২। সেপ্টেম্বর-২০২২ মাসে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বাপেক্সের ব্লক ১৫ এবং ব্লক ২২ সিসমিক প্রকল্পের পরিচালক জানান যে, গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী সিসমিক মনিটরিং কমিটি ১৫ নভেম্বর এর পর যে কোন সময়ে প্রকল্প এলাকা পরিদর্শন করতে পারেন। সিলেট গ্যাস ফিল্ড লিমিটেড এর আওতাধীন অ্যাকারেজ ব্লক-১৩ ও ১৪-এর অবমুক্ত এলাকায় সিসমিক সার্ভে প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় অবহিত করেন যে, সিসমিক ডাটা এক্যুইজিসান এর জন্য বিস্ফোরক ও ডেটোনেটর মাঠ পর্যায়ে অস্থায়ী মজুদের স্থানে স্থানান্তর হয়েছে। সিসমিক ডাটা এক্যুইজিসান এর জন্য আপহোল ড্রিলিং কার্যক্রম শুরু হয়েছে এবং মূল ডাটা একুইজিসান ডিসেম্বর মাসের প্রথম সপ্তাহে শুরু হবে। সিসমিক মনিটরিং টিম নভেম্বর/ ডিসেম্বর মাসে প্রকল্প এলাকা পরিদর্শন করতে পারে। সিলেট গ্যাস ফিল্ড লিমিটেড পরিচালিত বিয়ানিবাজার ৩-ডি প্রকল্পের পরিচালক জানান যে, ডাটা এক্যুইজিসান এর জন্য আপহোল ড্রিলিং কার্যক্রম শুরু হয়েছে এবং ডিসেম্বর মাসে মূল এক্যুইজিসান শুরু হবে। পরিদর্শন টিম ডিসেম্বর মাসে প্রকল্প এলাকা পরিদর্শন করতে পারে।

৩.৩। সভাপতি কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত বিষয়সমূহ উপস্থাপনের জন্য সদস্য সচিব কে আহ্বান জানান এবং প্রকল্প পরিচালকদের তাদের পাঠানো কর্মপরিকল্পনার ছক অনুযায়ী সর্বশেষ অগ্রগতি উপস্থাপনের জন্য আহ্বান জানান।বাপেক্সের ব্লক ১৫ এবং ব্লক ২২ সিসমিক প্রকল্পের পরিচালক সভাকে জানান যে, তাদের পাঠানো সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে এবং প্রকল্প বাস্তবায়নে আপাততঃ কোন চ্যালেঞ্জ নেই। ২০২২-২০২৩ অর্থবছরের মধ্যেই তারা

